

হিংসার বীজ

গৌতমকুমার পাল

প্রত্যেক দিন খবরের কাগজ খুললেই দেখি খুন, ডাকাতি, ধর্ষণ, রাহাজানিতে ছয়লাপ পাতার পর পাতা। মাঝে মাঝে মনে হয় আমাদের চারপাশে ভালো কি কিছুই ঘটছে না? অনেক খারাপের মধ্যে সেদিন একটা ভালো খবর পড়ে একটু স্বস্তি বোধ করলাম। University Grants Commission (UGC), যা ভারতবর্ষের সমস্ত বিশ্ববিদ্যালয় ও কলেজের নিয়ামক সংস্থা, নির্দেশ জারি করেছে ¹ যে জীবনবিজ্ঞান / প্রাণীবিদ্যার পরীক্ষাগারে জীবিত প্রাণীদের ব্যবচ্ছেদ করা চলবে না। ব্যাঙ, হাঁদুর, খরগোশ, গিনিপিগ এবং আরো অন্যান্য প্রাণীদের যে নিষ্ঠুর হত্যালীলা চলত পড়াশুনোর নামে, তা বন্ধ করতে হবে। পৃথিবীর উন্নত দেশগুলিতে এই নিয়ম অনেকদিন আগেই চালু হয়েছে। সেখানে কম্পিউটার গ্রাফিক্সের মাধ্যমে ব্যবচ্ছেদ Simulation করে ছাত্রছাত্রীদের শেখানোর ব্যবস্থা আছে। UGC-এর নির্দেশ – ভারতবর্ষেও অনুরূপ বিকল্প শিক্ষনপদ্ধতি চালু করতে হবে। এতে বেঘোরে প্রাণ দেওয়ার থেকে রক্ষা পাবে বছর-প্রতি লক্ষ-লক্ষ প্রাণী।

অনুরূপ শুভবুদ্ধিসম্পন্ন নির্দেশিকা দেখেছিলাম বছরখানেক আগে, যখন ভারতবর্ষের বিভিন্ন কোর্ট ধর্মের নামে পশুবলি নিষিদ্ধ ঘোষণা করেছিল²।

¹ The Times of India, February 24, 2014.

² Order of Supreme Court, dated November 16, 1994 (P464 of AIR 1995); Order of Orissa High Court, dated October 1, 2009 (The Telegraph, October 7, 2010); Order of Kolkata High Court, dated November 12, 2010, W.P. No 1378, 21591(W).

কালীপুজোই হোক বা বকরি ঈদ – ধর্মের নামে হিংসা যে চরম অধার্মিকতারই নামান্তর, সেকথা বলার অপেক্ষা রাখে না।

আমি তাকিয়ে রয়েছি আগামী সূর্যের দিকে – যেদিন মানুষের জিহ্বাকে তৃপ্তি দেওয়ার জন্য নিরীহ প্রাণীদের হত্যা আইন করে নিষিদ্ধ করা হবে। অনেকে বলবেন – পশুপ্রাণীদের উপর অত্যাচার নিয়ে আমি এত সরব কেন? মানুষের জীবনে তো সমস্যার অন্ত নেই। কিন্তু আমরা যদি একটু গভীর ভাবে ভেবে দেখি – পশুপ্রাণীদের নির্মম হত্যালীলার মাধ্যমে আমরা আমাদের মনেই হিংসার বীজ বপন করছি, যার বহিঃপ্রকাশ ঘটছে মানুষে মানুষে হিংসাত্মক কার্যকলাপে। কালজয়ী দার্শনিক ও বিজ্ঞানী পিথাগোরাসের ভাষায় ³, “As long as men massacre animals, they will kill each other. Indeed, he who sows the seed of murder and pain, cannot reap joy and love.”

³ Attributed by **Publius Ovidius Naso**, a Roman Poet (43 BC – 17 AD), known to the English-speaking world as **Ovid**, as quoted in *The Extended Circle: A Dictionary of Humane Thought* (1985) by Jon Wynne-Tyson, page 260; also in *Vegetarian Times*, No. 168 (August 1991), page 4.